

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়  
হজ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.hajj.gov.bd

নং- ১৬.০০.০০০০.০০৩.১৮.০০১.১৬-৮১২


তারিখ : ২৮/০৬/২০১৬খ্রিঃ

## বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৬ সনে হজে গমনের জন্য প্রাক-নিবন্ধিত এবং প্রাক নিবন্ধন ক্রমিক নং-৮৮২০০ এর মধ্যে আছেন এমন অনিবাসী বাংলাদেশী নাগরিক (NRB) যাঁরা এখনও বাংলাদেশী পাসপোর্ট জমা দেননি বা নিবন্ধন সম্পন্ন করেননি, তাঁরা এ বছরের হজে যাবেন কিনা এবং তাঁদের মাহরাম বা সম্পর্কিত কোন মহিলা হজযাত্রী (প্রাক-নিবন্ধিত এবং ক্রমিক নং-৮৮২০০ এর মধ্যে) আছেন কিনা তা পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা'কে আগামী ০২(দুই) দিনের মধ্যে (৩০.০৬.২০১৬ তারিখ বৃহস্পতিবার পর্যন্ত) জানানোর জন্য অনুরোধ করা হলো। অধিকন্তু একই সময়ে এ সকল হজযাত্রীদের নিবন্ধন কার্যক্রমও নিষ্পন্ন করার জন্য পরামর্শ দেয়া হলো। অন্যথায় এ সকল হজযাত্রীর (অনিবাসী বাংলাদেশী নাগরিক এবং তাঁদের মাহরাম বা সাথী মহিলা) প্রাক-নিবন্ধন বাতিল পূর্বক তাঁদের ক্রমিক শূন্য ঘোষণা করা হবে।

তারিখ : ২৮/০৬/২০১৬ খ্রিঃ

নির্দেশক্রমে,

  
২৮/৬/২০১৬  
(মোহাম্মদ জাকের হোছাইন)  
উপসচিব (হজ)  
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়